



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

<http://khagracharipourashava.gov.bd>

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- খাগপৌঃকাঃ/হাঃবাঃনঃ/৩৩২/২০১৮-২০১৯ অর্থবছর/৩৮৪

তারিখ: ২৪/০৪/২০১৮খ্রিঃ

২০১৮-২০১৯ অর্থ বছরের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা খাগড়াছড়ি পৌরসভার আওতাধীন নিজস্ব ভূমির উপর নিম্নে উল্লিখিত বাজার সমূহ ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য (১লা জুলাই ২০১৮খ্রিঃ হইতে ৩০ শে জুন ২০১৯খ্রিঃ পর্যন্ত) ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে সিল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারার দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) প্রতিবার দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত ক্রয় করা যাবে। ১ম দফায় যে সকল ইজারা খাতের দর অনুমোদিত হবে ২য় দফায় ঐ খাতের দরপত্র বিক্রয় করা হবে না। অনুরূপভাবে ২য় দফায় যে সমস্ত খাতের দরপত্র অনুমোদিত হবে ৩য় দফায় ঐ সমস্ত খাতের দরপত্র বিক্রয় করা হবে না। এজন্য পৃথকভাবে পত্রিকায় কোন বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। ১ম দফায় ডাক গৃহীত না হলে প্রতিবারই নিম্ন স্বাক্ষরকারীর নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। দরপত্রের সাথে ডাকের ১০০% অর্থ অগ্রিম পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূল্য মেয়র, খাগড়াছড়ি পৌরসভা এর নামে সংযুক্ত করতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ নির্ধারিত তারিখে নির্ধারিত সময়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক্রঃ নং	ইজারা খাতের বিবরণ	সরকারী ডাক	সিডিউলের মূল্য	ইজারা সিডিউল বিক্রির স্থান ও ইজারা সিডিউল দাখিলের স্থান	ইজারা সিডিউল খোলার স্থান ও সময়	ইজারা সিডিউল দাখিলের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
০১	পৌর সবজি বাজার, আদা, হলুদ, কাঠাল, কলা ও গরু ছাগল বাজার।	১২,০০০০০/-	৩,৪০০/-	ক) খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়। খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি। গ) পুলিশ সুপার খাগড়াছড়ি এর কার্যালয়।	খাগড়াছড়ি পৌরসভা কার্যালয় ও প্রতিবার দুপুরঃ ২.০০ ঘটিকা।	১ম বার: ১৪/০৫/২০১৮খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। ২য় বার: ২৮/০৫/২০১৮খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। ৩য় বার: ০৬/০৬/২০১৮খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।

শর্তাবলী :

- ১। দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।
- ২। ইজারা দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে মেয়র, খাগড়াছড়ি পৌরসভার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ৩। ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫%(পনের) ভাগ অর্থ ভ্যাট ও ৫(পাঁচ) ভাগ অর্থ আয়কর অগ্রিম পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে ইজারা দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ৪। সর্বোচ্চ ডাককারীর উদ্ধৃত দরের বিপরীতে জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, ডাক চূড়ান্ত না হওয়া পর্যন্ত ফেরত প্রদান করা হবে না। তবে পুনরায় ইজারা প্রদানের ক্ষেত্রে তিনি অংশ গ্রহণ করতে পারবেন এবং বেশি উদ্ধৃত দরের ক্ষেত্রে অতিরিক্ত অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
- ৫। দরপত্র দাতা কর্তৃক দরপত্রের সহিত অযৌক্তিক কোন শর্ত আরোপ করা যাবে না।
- ৬। দরপত্র সংক্রান্ত বিষয় ও শর্তাবলী নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র বিক্রির শেষ দিন পর্যন্ত অফিস

চলাকালীন সময়ে জানা যাবে।

- ৭। কোন প্রকার ঘষামাজা, অস্পষ্ট লেখা, কাটাছেড়া, অনুস্বাক্ষরবিহীন ও সিল গালাবিহীন দরপত্র গ্রহণ যোগ্য হবে না।
- ৮। অকৃতকার্য দরপত্রের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ফেরত যোগ্য। তবে সর্বোচ্চ দরপত্র দাতা কোন ক্রমে ব্যর্থ হলে সে ক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে বিবেচনায় রাখা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৯। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল বা পূর্ণ দরপত্র আহ্বান করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

(রফিকুল আলম)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।

তারিখ: ২৪/০৪/২০১৮খ্রিঃ

স্মারক নং- খাগড়াছড়ি/হাঃবাঃনঃ/৩৩২/২০১৮-২০১৯অর্থবছর/৩৮৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৬। উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৭। সম্মানিত পৌর কাউন্সিলর.....নং ওয়ার্ড, সংরক্ষিত আসন ১/২/৩, খাগড়াছড়ি পৌরসভা।
- ৮। বিভাগীয় প্রধান(সকল), খাগড়াছড়ি পৌরসভা।
- ৯। জনাব/বেগম.....শাখা প্রধান, খাগড়াছড়ি পৌরসভা।
- ১০। সভাপতি/সম্পাদক, বাজার ব্যবসায়ী সমিতি, খাগড়াছড়ি বাজার, স্বনির্ভর বাজার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১১। নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পৌরসভা।
- ১২। জনাব/জনাবা.....প্রতিনিধি,
দৈনিক অরণ্যবার্তা/দৈনিক যুগান্তর, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। তাকে আগামী ৩০/০৪/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে
ইজারা বিজ্ঞপ্তিটি একবার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। পৌর ডিজিটাল সেন্টার, বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হল।
- ১৪। অফিস কপি।

(রফিকুল আলম)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।